



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ কমিশনারের কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২৮/০৯/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এর কোতয়ালী থানা পুলিশ কর্তৃক ইলেক্ট্রনিক ডিভাইসের অপব্যবহার ও ই-মেইল আইডি হ্যাক করার অপরাধে ০৩ আসামী গ্রেফতার এবং তাদের ব্যবহৃত ডিভাইস সমূহ জব্দ



আসামী



জব্দকৃত ডিভাইস সমূহ

গত ২৩/০৯/২০২০ খ্রিঃ ভোর ৫.৫৬ ঘটিকায় গ্র্যান্ড প্যালেস হোটেল এন্ড রিসোর্টস লিমিটেডের অপারেশন ম্যানেজারের ই-মেইলে অজ্ঞাতনামা ব্যক্তির ই-মেইল করে জানান যে, গ্র্যান্ড প্যালেস হোটেলের সার্ভার হ্যাক করা হয়েছে এবং তাদের কাছে ব্যাকআপ আছে। অজ্ঞাত আসামীরা ই-মেইলে তাদের সহিত যোগাযোগ করতে বলে। যোগাযোগ না করলে তাদের কাছে থাকা অফিশিয়াল আইডি হ্যাক করে বড় ধরনের ক্ষতি করবে। পরবর্তীতে অজ্ঞাতনামা আসামিরা গ্র্যান্ড প্যালেস এর ম্যানেজারের অফিশিয়াল নাম্বারে ফোন করে একটি বিকাশ নাম্বার দেয় এবং ৪৫,০০০/- টাকা পাঠাতে বলে। উক্ত টাকা না পাঠালে তাদের সার্ভারে থাকা গুরুত্বপূর্ণ তথ্য অন্যত্র বিক্রি করে দেবে বলে হুমকি প্রদর্শন করে।

উক্ত ঘটনার প্রেক্ষিতে অদ্য ২৮-০৯-২০২০ খ্রিঃ রংপুর মেট্রোপলিটন এর উপ-পুলিশ কমিশনার (অপরাধ) জনাব মোঃ আবু মারুফ হোসেন মহোদয়ের নির্দেশনায় অফিসার ইনচার্জ জনাব মোঃ আব্দুর রশিদ, ইন্সপেক্টর (তদন্ত) জনাব মোঃ রাজিফুজ্জামান বসুনিয়া, এসআই মোঃ রফিকুল ইসলাম, এসআই মোঃ এরশাদ আলী, এসআই মোঃ আমিনুল ইসলাম সহ কোতয়ালী থানা টিম মহানগরীর বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে নিম্নোক্ত মালামালসহ ঘটনার সাথে জড়িত ০৩ জন আসামীকে গ্রেপ্তার করেন।


গ্রেফতারকৃত আসামীদের বিবরণঃ

- ১। মোঃ আক্তারুজ্জামান মারুফ (২৮), পিতা মৃত আবুল কালাম, মাতা হামিদা খাতুন
- ২। মোঃ মাসুদুর রহমান রোমান (২৯), পিতা মকসুদুর রহমান, মাতা মঞ্জুরা বেগম, উভয় সাং নিউ শালবন
- ৩। লিয়ন হাসান (৩০), পিতা-মৃত মাহফুজুর রহমান, মাতা আফরোজা বেগম, সাং- বিনোদপুর, সর্ব থানা-কোতয়ালী, আরপিএমপি, রংপুর।

উদ্ধারঃ

- ১। কম্পিউটার পিসি ০২ টি
- ২। মনিটর ০২ টি
- ৩। পেনড্রাইভ ০১ টি
- ৪। USB ওয়াইফাই এডাপ্টার।
- ৫। মোবাইল ফোন ০৫ টি।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ১৮/৩৩/৩৪/৩৫ তৎসহ ৩৮৫ পেনাল কোড মামলা রুজু করা হয়েছে।



২৮.০৯.২০২০

(মোঃ ফারুক আহমেদ)

সহকারী পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৭৬৯-৬৯৫৪১৫